

# ঢাবির 'ক' ইউনিটের সংশোধিত ফল প্রকাশ, আরও ২ হাজার ৮৭৮ জন উত্তীর্ণ

প্রতিবেদক, ঢাকা বিশ্ববিদ্যালয়

২৭ অক্টোবর ২০১৯, ২১:০২  
আপডেট: ২৭ অক্টোবর ২০১৯, ২১:০৩




ভুলের কারণে স্থগিত হওয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষার সংশোধিত ফল আজ রোববার সন্ধ্যায় প্রকাশ করা হয়েছে। নতুন ফলে আগে উত্তীর্ণ হওয়া শিক্ষার্থীদের তালিকায় আরও ২ হাজার ৮৭৮ জন যোগ হয়েছেন। এতে এই ইউনিটে পাসের হারও ২ দশমিক ৮৮ শতাংশ বেড়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়

পরীক্ষার এক মাস পর ২০ অক্টোবর 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়। প্রকাশিত ফলে ১১ হাজার ২০৭ জন পরীক্ষার্থী নৈর্ব্যক্তিক ও লিখিত উভয় অংশে সমন্বিতভাবে উত্তীর্ণ হন। এই ইউনিটে এবার ১ হাজার ৭৯৫ আসনের বিপরীতে ৮৮ হাজার ৯৯৬ জন শিক্ষার্থী আবেদন করেন। তবে ভর্তি পরীক্ষায় অংশ নেন ৮৫ হাজার ৮৭৯ জন। সেই ফলে পাসের হার ছিল ১৩ দশমিক শূন্য ৫ শতাংশ।

সেই ফলে গণিত অংশে অসামঞ্জস্যের অভিযোগ তুলে অভিভাবকদের অনেকে ক্ষুঁক্ষ প্রতিক্রিয়া জানান। এ কারণে সেদিনই ফল স্থগিত করে 'ক' ইউনিটের পরীক্ষা কমিটি। পরে কমিটি জানতে পারে, পরীক্ষার গণিত অংশের একটি সেটের কোড ভুল হওয়ার কারণে ১৫-১৬ হাজার শিক্ষার্থীর গণিত অংশের ফল ভুল এসেছে। সেই ভুলটি পর্যালোচনা ও সংশোধনের পর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আজ নতুন ফল প্রকাশ করল ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।



সংশোধিত ফলে পাসের হার ১৫ দশমিক ৯৩ ভাগ, উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ১৩ হাজার ৬৮৫ জন। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.du.ac.bd](http://www.du.ac.bd)) এবং মুঠোফোন থেকে খুদে বার্তার মাধ্যমে ফল জানা যাচ্ছে।

সংশোধিত এই ফলে ‘বড় ধরনের কোনো ভুল নেই’ বলে আত্মবিশ্বাসের কথা জানিয়েছেন বিজ্ঞান অনুষদের ডিন ও ‘ক’ ইউনিট ভর্তি পরীক্ষার প্রধান সমষ্টিকারী অধ্যাপক তোফায়েল আহমদ চৌধুরী। সন্ধ্যায় তিনি প্রথম আলোকে বলেন, ‘নতুন ফলে বড় ধরনের কোনো ভুল নেই। তবে টুকিটাকি কিছু ভুল থাকলেও থাকতে পারে। ছোটখাটো কোনো ভুল থাকলে তা পুনর্নিরীক্ষণের সুযোগও আছে।’

উত্তীর্ণ শিক্ষার্থীদের ২৮ অঙ্গোবর থেকে ১১ নতুনের মধ্যে বিস্তারিত ফরম ও ‘চয়েস ফরম’ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে গিয়ে পূরণ করতে হবে। নির্ধারিত ফি দিয়ে ২৮ অঙ্গোবর থেকে ৩ নতুনের পর্যন্ত বিজ্ঞান অনুষদের ডিন কার্যালয়ে ফল পুনর্নিরীক্ষণের আবেদন করা যাবে।